গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-১
বাংলাদেশ সচিবালয়,
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০১০.২১-**১৫২**

তারিখ ঃ ০৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**প্রজ্ঞাপন**

সরকারি ও বেসরকারি (স্বতন্ত্র এবতেদায়ী. দাখিল, আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসাসমূহের জন্য ২০২৪ সালের (১৪৩০-১৪৩১ বঙ্গাব্দ) শিক্ষাবর্ষের ছুটির তালিকা ও শিক্ষাপঞ্জি নিম্নোক্তভাবে অনুমোদন জ্ঞাপন করা হ'ল:

| ক্র. ন. | ছুটির উপলক্ষ | তারিখ ও বার | তারিখ, বঙ্গাব্দ | দিন |
|---|---|---|---|---|
| ১. | *শব-ই-মিরাজ | ০৯ ফেব্রুয়ারী, ২০২৪ শুক্রবার | ২৬ মাঘ, ১৪৩০ | ০০ দিন |
| ২. | শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ২১ ফেব্রুয়ারী, ২০২৪ বুধবার | ০৮ ফাল্গুন,১৪৩০ | ০১ দিন |
| ৩. | *শব-ই-বরাত | ২৬ ফেব্রুয়ারী, সোমবার | ১৩ ফাল্গুন/১৪৩০ | ০১ দিন |
| ৪. | পবিত্র রমজান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস (১৭ মার্চ), মহান স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬ মার্চ), জুমআতুল-বিদা (০৫ এপ্রিল), লাইলাতুল-ক্বদর (০৭ এপ্রিল), ঈদ-উল-ফিতর, ও বাংলা নববর্ষ (১৪ এপ্রিল) | ১০ মার্চ, ২০২৪ রবিবার থেকে ১৪ এপ্রিল, ২০২৪ রবিবার পর্যন্ত | ২৮ ফাল্গুন, ১৪৩০ হতে ০১ বৈশাখ, ১৪৩১ পর্যন্ত | ২৬ দিন |
| ৫. | মে দিবস | ০১ মে, ২০২৪ বুধবার | ১৮ বৈশাখ, ১৪৩১ | ০১ দিন |
| ৬. | *বুদ্ধ পূর্ণিমা | ২২ মে, ২০২৪ বুধবার | ০৮ জ্যৈষ্ঠ, ১৪৩১ | ০১ দিন |
| ৭. | *পবিত্র ঈদ-উল-আযহা ও গ্রীষ্মকালীন অবকাশ | ১৬ জুন, ২০২৪ রবিবার থেকে ২৬ জুন, ২০২৪ বৃহস্পতিবার পর্যন্ত | ০৩ আষাঢ়, ১৪৩১ থেকে ২২ আষাঢ়, ১৪৩১ পর্যন্ত | ০৯ দিন |
| ৮. | *হিজরী নববর্ষ | ০৮ জুলাই,২০২৪ সোমবার | ২৪ আষাঢ়, ১৪৩১ | ০১ দিন |
| ৯. | *পবিত্র আশুরা | ১৭জুলাই, ২০২৪ বুধবার | ০২ শ্রাবণ, ১৪৩১ | ০১ দিন |
| ১০. | জাতীয় শোক দিবস | ১৫ আগস্ট, ২০২৪ বৃহস্পতিবার | ৩১ শ্রাবণ, ১৪৩১ | ০১ দিন |
| ১১. | শুভ জন্মাষ্টমী | ২৬ আগস্ট, ২০২৪ সোমবার | ১১ ভাদ্র, ১৪৩১ | ০১ দিন |
| ১২. | *আখেরি চাহার সোম্বা | ০৪ সেপ্টেম্বর, ২০২৪ বুধবার | ২০ ভাদ্র, ১৪৩১ | ০১ দিন |
| ১৩. | *পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবি (সা.) | ১৬ সেপ্টেম্বর, ২০২৪ সোমবার | ০১ আশ্বিন, ১৪৩১ | ০১ দিন |
| ১৪. | দুর্গাপূজা (দশমী) | ১৩ অক্টোবর, ২০২৪ রবিবার | ২৮ আশ্বিন, ১৪৩১ | ০১ দিন |
| ১৫. | *ফাতেহা-ই- ইয়াজদাহম | ১৫ অক্টোবর, ২০২৪ মঙ্গলবার | ৩০ আশ্বিন, ১৪৩১ | ০১ দিন |
| ১৬. | মহান বিজয় দিবস (১৬ ডিসেম্বর), যিশু খ্রিষ্টের জন্মদিবস (২৫ ডিসেম্বর) ও শীতকালীন অবকাশ | ১৪ ডিসেম্বর, ২০২৪ শনিবার থেকে ২৬ ডিসেম্বর, ২০২৪ বৃহস্পতিবার | ০১ পৌষ, ১৪৩১ থেকে ১১ পৌষ, ১৪৩১ | ১০ দিন |
| ১৮. | প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | ০৩ দিন |
| | | | **সর্বমোট** | **=৬০দিন** |

*চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল।

**পরীক্ষার সময়সূচি- ২০২৪ খ্রিষ্টাব্দ**

| পরীক্ষার নাম | তারিখ ও বার | ফলাফল প্রকাশ |
|---|---|---|
| অর্ধ-বার্ষিক পরীক্ষা | মে, ২০২৪ থেকে জুন, ২০২৪ | ১০ জুলাই, ২০২৪ |
| দাখিল নির্বাচনী পরীক্ষা | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নির্ধারিত সময়সূচি অনুযায়ী | - |
| বার্ষিক পরীক্ষা | ২৩ নভেম্বর, ২০২৪ থেকে ১৩ ডিসেম্বর, ২০২৪ | ২৮ ডিসেম্বর, ২০২৪ |

**অনুসরণীয় নির্দেশনা:**

১. শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারী, ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত। ১ম কর্মদিবস অর্থাৎ ০১ জানুয়ারী পাঠ্যপুস্তক দিবস হিসেবে উদযাপন করতে হবে;

২. প্রতিটি মাদ্রাসা শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত সময়সূচি মোতাবেক অর্ধ-বার্ষিক পরীক্ষা, নির্বাচনী পরীক্ষা ও বার্ষিক পরীক্ষা নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করবে;

৩. মাদ্রাসা শিক্ষা কর্তৃপক্ষ স্ব-স্ব মাদ্রাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই প্রশ্নপত্র ক্রয় করে পরীক্ষা নেয়া যাবে না;

৪. পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে;

৫. সাপ্তাহিক ছুটি (শুক্রবার ও শনিবার) ব্যতীত বছরে মোট ছুটি ৬০ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল সাধারণ ছুটি (পাবলিক হলিডে) এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে, সে সকল দিন উক্ত ৬০দিনের অন্তর্ভুক্ত হবে;

৬. কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদ্রাসা ছুটি দেয়া যাবেনা, সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির প্রতি সম্মান প্রদর্শনের জন্য শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না;

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠেয় ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে;

৮. উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, ইবতেদায়ী সমাপনী পরীক্ষা, জুনিয়র দাখিল সার্টিফেকেট পরীক্ষা ও অন্যান্য পরীক্ষার সময়ে প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে;

৯. পাবলিক পরীক্ষার কেন্দ্র থাকলে উক্ত মাদ্রাসায় পরীক্ষার সময় বিকল্প ব্যবস্থায় এবং কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদ্রাসায় যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে। কোনো অবস্থাতেই পাঠদান/ শ্রেণি কার্যক্রম বন্ধ রাখা যাবে না;

১০. প্রত্যেক মাদ্রাসায় দৈনিক পাঠের ডায়েরী ছাপাতে হবে এবং শিক্ষার্থীদের মধ্যে তা বিতরণ করতে হবে। এ ডায়রীতে ছাত্র-ছাত্রী পরিচিতি, আচরণ বিধি, অভিভাবকদের প্রতি পরামর্শ, শিক্ষকগণের নাম, ধর্মীয় ও নৈতিক শিক্ষার জরুরী নির্দেশাবলী, ছুটির তালিকা এবং ক্লাস রুটিন অন্তর্ভুক্ত থাকবে। ডায়েরীতে প্রতিদিন অভিভাবকের স্বাক্ষর নিতে হবে;

১১. পবিত্র ঈদ-ই-মিল্লাদুন্নবী (সা:), শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্ম দিবস ও শিশু দিবস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, বাংলা নববর্ষ, জাতীয় শোক দিবস, মহান বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে; তবে প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট দিবসের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে বিভিন্ন আলোচনা/অনুষ্ঠানের আয়োজন করতে হবে;

১২. প্রতিটি মাদ্রাসায় সরকার ঘোষিত সৃজনশীল মেধা অন্বেষণ কর্মসূচি পালন করতে হবে। সেই সাথে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ২০২৪ সনের জন্য শিক্ষার উন্নয়নমূলক পরিকল্পনা প্রণয়নক্রমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

১৩. সংরক্ষিত ছুটি ভোগ করলে সংশ্লিষ্ট মাদ্রাসাকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বরাবরে অবহিত করতে হবে;

১৪. সাপ্তাহিক ছুটি ০২ দিন নির্ধারণ করায় প্রতিটি মাদ্রাসা যথাযথ পাঠপরিকল্পনা প্রণয়নপূর্বক সিলেবাস সমাপ্ত করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২১/১২/২০২

(এ.কে.এম.লুৎফর রহমান)
সিনিয়র সহকারি সচিব
ফোন: ৫৫১০১১২৭
ইমেইল: dsmad@tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০১০.২১-**১৫২/১(৪)**

তারিখ: ০৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ২১ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলী রোড, ঢাকা।
৫। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। জেলা প্রশাসক, ..........................................................(সকল)
১০। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১১। চেয়ারম্যান, বাংরাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা।